

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৭৮৭৯

সার্বুম, ২৩ নভেম্বর, ২০২২

প্রতি ঘরে সুশাসন
রূপাইছড়ি ব্লকভিত্তিক বিকাশ মেলা

প্রতি ঘরে সুশাসন অভিযান এর অঙ্গ হিসেবে গতকাল রূপাইছড়ি ব্লকভিত্তিক বিকাশ মেলা অনুষ্ঠিত হয়। রূপাইছড়ি ব্লকের উদ্যোগে মনু বনকুল উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় প্রাঙ্গণে অনুষ্ঠিত বিকাশ মেলায় উপস্থিত ছিলেন রূপাইছড়ি বিএসি'র চেয়ারম্যান রাখী ত্রিপুরা, এমডিসি কংজৎ মগ, রূপাইছড়ি ব্লকের বিডিও অভিজিৎ মজুমদার, অ্যাডিশনাল বিডিও টিটু দেববর্মা এবং সংশ্লিষ্ট বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। বিকাশ মেলায় বিভিন্ন দপ্তর থেকে প্রদর্শনী স্টল খোলা হয়।

বিকাশ মেলায় সার্বুম এসডিএম অফিস থেকে ৪৫টি পিআরটিসি, ২৩টি এসটি সার্টিফিকেট, ৩৫টি ম্যারেজ সার্টিফিকেট, ১টি ওবিসি, ১টি ইনকাম ও ৯৫টি রেশন কার্ড এর আবেদনপত্র গ্রহণ করা হয়। কৃষি দপ্তর থেকে ১০ জন সুবিধাভোগীকে ১টি করে পাম্পসেট, ১টি করে পাওয়ার উইডার ও ১টি করে স্প্রে মেশিন এর সেট দেওয়া হয়। বন দপ্তর থেকে ১৫২ জন সুবিধাভোগীকে বিভিন্ন জাতের ৫টি করে চারা গাছ দেওয়া হয়। মৎস্য দপ্তর থেকে ২ জন সুবিধাভোগীকে ৫ লাখ করে ইনসুরেন্স এবং পিএম অজয় প্রকল্পে পুরাতন পুকুর সংস্কার এর জন্য ৫ জন সুবিধাভোগীকে ওয়ার্ক অর্ডার ইস্যু করা হয়। তাছাড়া ৫ জন সুবিধাভোগীকে পন্ড হেলথ কার্ড দেওয়া হয়। প্রাণী সম্পদ বিকাশ দপ্তর থেকে ৪৪ জন সুবিধাভোগী পরিবারের ১৪৩টি গবাদি পশু এবং ৪৫৮টি হাঁস-মোরগের নিরাময়ের জন্য বিনামূল্যে ঔষধ দেওয়া হয়। তাছাড়া ১৪৩টি গবাদি পশু পাখির কৃমির ঔষধ দেওয়া হয়। স্বাস্থ্য দপ্তর থেকে ৩০ জন রোগীকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ প্রদান করা হয়। ১০ জনকে আভা কার্ড দেওয়া হয়।
